# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

## বিজ্ঞপ্তি

স্মারক নং- কো/বিবিধ/৪/৬৩৬ তারিখঃ ২২/02/১৬

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়-এর অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-শিম/শাঃ১৮/১৪ বিবিধ-৯/২০০২/৫৭; তারিখঃ ০৯/০২/২০১৬ খ্রিঃ এ বর্ণিত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীন সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার পদে **(আগামী ২৯/০৪/২০১৬ তারিখ শুক্রবার বেলা ৩:০০ ঘটিকা হতে ৪:০০ ঘটিকা পর্যন্ত)** নিয়োগের প্রিলিমিনারি (MCQ Type) টেস্ট গ্রহণের লক্ষ্যে ঢাকা শহরের সরকারি কলেজ/স্কুল এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যাতে অন্য কোনো প্রতিষ্ঠানের পরীক্ষা, অন্য কোন কর্মসূচি না রাখা সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র অনুসরণ করার অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের নির্দেশক্রমে

২২/02/২০১৬

ড. মোঃ আশফাকুস সালেহীন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

সংযুক্তিঃ শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা-১৮

নং-শিম/শাঃ১৮/১৪ বিবিধ-৯/২০০২/৫৭

তারিখঃ ২৭ মাঘ ১৪২২ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীন সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার পদে নিয়োগের প্রিলিমিনারি (MCQ Type) টেস্ট গ্রহণ প্রসঙ্গে।**

সূত্রঃ নং-৮০.১১১.০০১.০০.০০.০০১.২০১৫-২৫, তারিখঃ ৩১/০১/২০১৬, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শেরেবাংলানগর, ঢাকা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীন সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার পদে (**আগামী ২৯/৪/২০১৬ তারিখ শুক্রবার বেলা ৩:০০ ঘটিকা হতে ৪:০০ ঘটিকা পর্যন্ত**) নিয়োগের প্রিলিমিনারি (MCQ Type) টেস্ট গ্রহণের লক্ষ্যে ঢাকা শহরের সরকারী কলেজ/স্কুল এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যাতে অন্য কোনো প্রতিষ্ঠানের পরীক্ষা, অন্য কোন কর্মসূচি না রাখা হয় সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক।

**(লায়লা আরজুমান্দ বানু)**
উপ-সচিব (বিশ্ববিদ্যালয়-২)
ফোন-৯৫৭২১৮৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ**
১। উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
২। উপাচার্য, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(পত্রটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

**অনুলিপি ঃ**
১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অতি জরুরী
বিশষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা -১২০৭
www.bpsc.gov.bd

স্মারক নং-৮০.১১১.০১১.০০.০০.০০১.২০১৫-২৫ তারিখ : ১৮ মাঘ, ১৪২৩
৩১ জানুয়ারি, ২০১৬

বিষয় : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীন সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার পদে নিয়োগের প্রিলিমিনারি(MCQ Type)টেস্ট গ্রহণ সংক্রান্ত ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীন সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার এর শূন্য পদে নিয়োগের আবেদনকারী ১,৫৩,৯৫৭ জন প্রার্থীর ১০০ নম্বরের প্রিলিমিনারি(MCQ Type)টেস্ট আগামী ২৯ এপ্রিল ২০১৬ তারিখ শুক্রবার বেলা ৩:০০ ঘটিকা হতে ৪:০০ ঘটিকা পর্যন্ত শুধুমাত্র ঢাকা কেন্দ্রে গ্রহণের বিষয়ে কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত পরীক্ষা ঢাকা কেন্দ্রের প্রায় ১৩০ টি শিক্ষা প্রতিষ্ঠানে একযোগে অনুষ্ঠিত হবে। এ পরীক্ষা গ্রহণের জন্য কমিশনের নিজস্ব কোনো অবকাঠামোগত সুবিধা না থাকায় এত বিপুল সংখ্যক প্রার্থীর পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে চিরাচরিত নিয়মে ঢাকা শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের উপর কমিশনকে নির্ভর করতে হয়। আগামী ২৯ এপ্রিল ২০১৬ তারিখ শুক্রবার বেলা ৩:০০ ঘটিকা হতে ৪:০০ ঘটিকা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে পূর্বের ন্যায় ঢাকা শহরে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সাথে কমিশনের পক্ষ থেকে যোগাযোগ করা হচ্ছে।

সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার পদে নিয়োগ পরীক্ষা একটি গুরুত্বপূর্ণ জাতীয় পরীক্ষা। কাজেই, ঢাকাস্থ সরকারী কলেজ/স্কুল এবং অন্যান্য বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানকে ২৯ এপ্রিল ২০১৬ তারিখ শুক্রবার বেলা ৩:০০ টায় সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার পদে নিয়োগ পরীক্ষার প্রিলিমিনারি(MCQ Type)টেস্ট অনুষ্ঠানের কেন্দ্র হিসেবে ব্যবহারের সম্মতি প্রদানসহ এ ব্যাপারে সরকারী কর্ম কমিশনকে সকল প্রকার প্রশাসনিক সহযোগিতা প্রদানের জন্য শিক্ষা মন্ত্রণালয় থেকে একটি সাধারণ নির্দেশনা প্রদান করতে অনুরোধ করা হলো।

আগামী ২৯ এপ্রিল ২০১৬ তারিখ শুক্রবার ঢাকা শহরের সরকারী কলেজ/স্কুল এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যাতে অন্য কোনো প্রতিষ্ঠানের পরীক্ষা, অন্য কোনো কর্মসূচি না রাখা হয় সে ব্যাপারে সংশ্লিষ্ট সকল শিক্ষাবোর্ড, জাতীয় বিশ্ববিদ্যালয়, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতেও বিশেষভাবে অনুরোধ করা হলো।

( মোঃ নূরুন নবী তালুকদার)
সচিব
ফোন : ৫৫০০৬৬২২
ই-মেইল : secretary @ bpsc.gov.bd

সচিব
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

শিক্ষা মন্ত্রণালয়
যুগ্ম-সচিব (বিশ্ব:)
ডাইরী নং- ২৭৭
তারিখ:

| | |
|---|---|
| যুগ্ম-সচিব (বিশ্ব:-১) | অধিশাখা-১ |
| উপ-সচিব (বিশ্ব:-২) | শাখা-১৮ |
| উপ-সচিব (বিশ্ব:-৩) | শাখা-১৯ |
| ব্যক্তিগত কর্মকর্তা | |

যুগ্ম-সচিব (বিশ্ব:)

শিক্ষা সচিবের দপ্তর
ডায়েরী নং: তারিখ:
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
অতিরিক্ত সচিব (অডিট ও আইন)
অতিরিক্ত সচিব (মাধ্যমিক)
প্রধান পরিকল্পনা
একান্ত সচিব

শিক্ষা মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (বিশ্ব:)
ডায়েরি নং- ২৭৭
তারিখ:-
যুগ্ম-সচিব (বিশ্ববিদ্যালয়)

| | |
|---|---|
| উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব | শাখা: ১৭ |
| উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব | শাখা: ১৮ |
| উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব | শাখা: ১৯ |